# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

## بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ الرَّقِّيُّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، عَنْ زَيْدٍ هُوَ ابْنُ أَبِي أُنَيْسَةَ، عَنْ سَيَّارٍ، عَنِ الْحَسَنِ، قَالَ: " مَنْهُومَانِ لَا يَشْبَعَانِ: مَنْهُومٌ فِي الْعِلْمِ لَا يَشْبَعُ مِنْهُ، وَمَنْهُومٌ فِي الدُّنْيَا لَا يَشْبَعُ مِنْهَا، فَمَنْ تَكُنِ الْآخِرَةُ هَمَّهُ، وَبَثَّهُ، وَسَدَمَهُ، يَكْفِي اللَّهُ ضَيْعَتَهُ، وَيَجْعَلُ غِنَاهُ فِي قَلْبِهِ، وَمَنْ تَكُنِ الدُّنْيَا هَمَّهُ، وَبَثَّهُ، وَسَدَمَهُ، يُفْشِي اللَّهُ عَلَيْهِ ضَيْعَتَهُ، وَيَجْعَلُ فَقْرَهُ بَيْنَ عَيْنَيْهِ، ثُمَّ لَا يُصْبِحُ إِلَّا فَقِيرًا، وَلَا يُمْسِي إِلَّا فَقِيرًا

إسناده صحيح إلى الحسن

বাংলা

৩৪৩. হাসান বলেন, দু’ প্রকারের ক্ষুধার্ত (লোভী) ব্যক্তি কখনও পরিতৃপ্ত হয় না। ১. ’ইলমের প্রতি ক্ষুধার্ত (জ্ঞান অনুসন্ধানী) সে কখনও পরিতৃপ্ত হয় না এবং দুনিয়া’র প্রতি ক্ষুধার্ত (লোভী) সেও কথনও পরিতৃপ্ত হয় না। আর আখিরাতই যার উদ্বেগ-আগ্রহ, অস্থিরতা ও বিষন্নতা (এর কেন্দ্রবিন্দু), আল্লাহই তার সকল (দুনিয়াবী) ক্ষতির বিরুদ্ধে যথেষ্ট হয়ে যান এবং তিনি তার অন্তরকে মুখাপেক্ষীহীন (অভাবমুক্ত) করেন। আর দুনিয়াই যার সকল উদ্বেগ-আগ্রহ, অস্থিরতা ও বিষন্নতা (এর কেন্দ্রবিন্দু), আল্লাহ তার (দুনিয়াবী) ক্ষতি বাড়িয়ে দেন এবং তার দু’চোখের মাঝে দারিদ্রকে স্থাপন করেন। ফলে সে সকাল করবে দরিদ্র হিসেবে এবং সন্ধ্যাও অতিবাহিত করবে দরিদ্র হিসেবেই (দরিদ্র হিসেবেই জীবন যাপন করতে থাকবে)।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: হাসান পর্যন্ত এর সনদ সহীহ। এটি তার কথা। কিন্তু ইবনু আদী (আল কামিল, ৬/২২৯৮) হাসান সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে এটি বর্ণনা করেছেন। আর এটি মুরসাল। দেখুন পরবর্তী টীকা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69654

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন